গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সুপারিনটেনডেন্ট এর কার্যালয়
শরীয়তপুর।

উদ্ভাবনী ধারনা (Innovation Idea) প্রস্তাবনা ফরম (২০১৮)

ক্র:নং	সাধারণ তথ্যাবলী	
১.	আবেদনকারীর নাম	শরীফ উদ্দীন
২.	আবেদনকারীর প্রতিষ্ঠানের নাম	শরীয়তপুর পিটিআই, শরীয়তপুর।
৩.	ঠিকানা	শরীয়তপুর পিটিআই, পাকার মাথা চৌরঙ্গি, শরীয়তপুর সদর, শরীয়তপুর।
৪.	ফোন/মোবাইল নাম্বার	০১৭১২৯২০২৩৮
৫.	ই-মেইল	sharifofbd@gmail.com
	প্রকল্প প্রস্তাবনা	
৬.	প্রকল্পের নাম	শ্রেণীকক্ষে শিক্ষার্থীদের জন্য স্টারবোর্ড প্রস্তুতকরণ এবং তা মেইনটেইনকরণ।
৭.	প্রকল্পের সারাংশ (অনধিক ৫০ শব্দে)	প্রাক-প্রাথমিক ও প্রাথমিক পর্যায়ের শিক্ষার্থীদের শ্রেণীকক্ষে এবং বিদ্যালয়ের ভেতরের আচরনিক দিকগুলোর ফরমেটির এসেসমেন্টের (সামষ্টিক মূল্যায়ন) জন্য এবং তাদের উদ্বুদ্ধকরণের জন্য সকল শিক্ষার্থীদের তালিকা সম্বলিত একটি বোর্ড/চার্ট প্রস্তুত করে তা শ্রেণীকক্ষে টাঙ্গিয়ে দেয়া হবে। শিক্ষার্থীদের পারফরমেন্সের উপর স্টার/পয়েন্ট পাবে। সে পয়েন্টের ভিত্তিতে শিক্ষার্থীরা স্কুল বা শ্রেণী শিক্ষক কর্তৃক আয়োজিত স্টেশনারি স্টল বা উপকরণ স্টল থেকে আকর্ষনীয় বিভিন্ন সামগ্রী কিনতে পারবে।
৮.	প্রকল্পের যৌক্তিকতা	প্রাক-প্রাথমিক ও প্রাথমিক শ্রেণীগুলোতে শ্রেণী ব্যবস্থাপনা একটু চ্যালেঞ্জিং। এছাড়াও সাধারণত কোন শিক্ষার্থীকে প্রশংসনীয় আচরণের জন্য 'বাহ' 'বাহ' ছাড়া আর তেমন কোন দৃশ্যমান প্রণোদনা দেয়া হয়না। এ প্রকল্প বাস্তবায়ন করা হলে শিক্ষক সহজেই ক্লাশ ববস্থাপনা করে শিখন-শিক্ষণ প্রক্রিয়া শুরু করতে পারবেন। এছাড়াও শিক্ষার্থীরা স্কুল প্রাঙ্গনে ভাল আচরণ এবং সামাজিক কাজের জন্য প্রণোদনা পেয়ে আরো ভাল কাজের জন্য উদ্বুদ্ধ হবে।
৯.	প্রকল্পের সুবিধাভোগী	ডিপিএড প্রশিক্ষনার্থী এবং পরীক্ষণ বিদ্যালয়ের শিক্ষক-শিক্ষার্থী।
১০.	সংক্ষেপে প্রকল্পের ফলাফল (Output)	প্রাক-প্রাথমিক ও প্রাথমিক শ্রেণীগুলোতে কার্যকরীভাবে শ্রেণীকক্ষ ব্যবস্থাপনা করা যাবে। শিক্ষক সহজেই শ্রেণীকক্ষে শিক্ষণ কার্যক্রম শুরু করতে পারবেন। শিক্ষার্থীদের আচরণ সুসংহত হবে। সর্বোপরি পুরো ক্লাশে একটি গঠনমূলক ও ভাল কাজের প্রতিযোগিতা তৈরী হবে। ফলে শিশু ইতিবাচক পরিবেশে বেড়ে উঠবে এবং সামগ্রিকভাবে শিখন-শিক্ষক প্রক্রিয়া ত্বরান্বিত হবে।
১১.	প্রাথমিক শিক্ষায় প্রকল্পের প্রভাব (Impact)	শিক্ষক খুব সহজেই পাঠ প্রক্রিয়া শুরু করতে পারবেন। শিক্ষার্থীদের মধ্যে ভাল কাজের সুষ্ঠু প্রতিযোগিতা তৈরী হবে। প্রাক-শৈশবে শিশুর বিকাশের জন্য সুষ্ঠু প্রতিযোগিতা এবং প্রণোদনা শিশুর সামগ্রিক বিকাশকে প্রভাবিত করবে যা একজন ব্যক্তিকে সুনাগরিক হিসেবে গড়ে তোলার ভিত্তি হিসেবে কাজ করবে।
১২.	প্রকল্পের মেয়াদ (মাস)	জানুয়ারী-১৮ হতে জুন-১৯ পর্যন্ত।
১৩.	পূর্বে আপনার জানামতে এই বিষয়ে কোন প্রকল্প আছে কি না?	ছিলনা।
১৪.	সংক্ষেপ কর্মপরিকল্পনা (বিস্তারিত কর্মপরিকল্পনা প্রকল্প প্রস্তাবনার সাথে সংযুক্ত করুন)	১। শ্রেণী শিক্ষক ক্লাশরুম এবং স্কুল কম্পাউন্ডে অবশ্য পালনীয় এবং প্রত্যাশিত আচরনগুলো শিক্ষার্থীদের সামনে তুলে ধরবে এবং তা বুঝিয়ে বলবে। বিষয়গুলো কয়েক দিন আলোচনা করলে এবং তাদের বুঝিয়ে বললে শিক্ষার্থীরা দ্রুতই সে আচরণগুলোর সাথে অভ্যস্ত হবে। ভাল হয় প্রতি ক্লাশে এ দিকগুলো সম্বলিত দুটি বা তিনটি পোস্টার টাঙ্গিয়ে দিলে। ২। শিক্ষার্থীর প্রতিদিনের ভাল আচরন, ক্লাশ পারফরমেন্সের উপর শিক্ষক প্রতিটি ক্লাশে উপযুক্ত শিক্ষার্থীকে স্টার বা পয়েন্ট প্রদান করবেন। ৩। সপ্তাহ বা মাসের শেষ দিকে কোন একটি নির্ধারিত দিনে স্টার বা পয়েন্ট কাউন্ট করে সে অনুযায়ী শিক্ষার্থীকে সম-পরিমান টোকেন প্রদান করা হবে। ৪। শিক্ষক বা শিক্ষকবৃন্দ সপ্তাহ বা মাসের একদিন শিশুদের কাছে আকর্ষণীয় নানান উপরণ ও স্টেশনারী আইটেমের স্টল খুলবেন যেখান থেকে শিক্ষার্থীরা প্রাপ্ত টোকেন দিয়ে সানন্দে তাদের পছন্দের আইটেম কিনতে পারবে। ৫। প্রাপ্ত ফান্ড দিয়ে শিক্ষকগণ স্টলের জন্য নানাবিধ উপকরণ কিনবেন।
১৫.	কর্মপরিকল্পনার উল্লেখযোগ্য ধাপসমূহ	১. প্রতিটি স্কুলে একটি করে কমিটি গঠন করা এবং দায়িত্ব বন্টন করা। ২. প্রয়োজনীয় উপকমিটি গঠন করা। ৩. স্টলের উপকরণ সংগ্রহ, ক্রয়, সংরক্ষণ এবং নির্দিষ্ট দিনে তা স্টলে উপস্থাপন করা।

		৪. পুরো বিষয়টি মনিটরিং এর জন্য একটি মনিটরিং কমিটি গঠন করা।
১৬.	কি কারণে এই প্রকল্পটিকে উদ্ভাবনী (সময়, খরচ ও ভিজিটের আলোকে) বলে গণ্য করা হবে (সংক্ষেপে বর্ণনা করুন)	প্রজেক্টটি বাস্তবায়িত হলে শিক্ষার্থীরা ইতিবাচক প্রতিযোগিতার মাধ্যমে ভাল এবং সামাজিক কাজে উদ্বুদ্ধ হবে। শিক্ষক অল্প সময়ে শ্রেণী ব্যবস্থাপনা করে শিখনের মূল অংশে যেতে পারবেন। শিক্ষার্থীরা ক্লাশ এবং ক্লাশের বাইরে ইতিবাচক কাজে অংশগ্রহণ করবে। এতে একজন সুনাগরিক হিসেবে গড়ে ওঠার ভিত্তি মজবুত হবে। সময়: জানুয়ারী-১৮ হতে জুন-১৯খ্রি.। সম্ভাব্য ব্যয়=১০০০০০/-(এক লক্ষ টাকা) মাত্র।
১৭.	প্রকল্পটি কি সম্প্রসারণযোগ্য?	হ্যাঁ, সম্প্রসারণ যোগ্য।
১৮	প্রকল্পটি কিভাবে টেকসই হবে? (সংক্ষেপে ব্যাখ্যা করুন)	নিরপেক্ষ পর্যবেক্ষণ, বস্তুনিষ্ঠ মূল্যায়ন এবং প্রয়োজনীয় বাজেট প্রাপ্তি সাপেক্ষে প্রকল্পটি টেকসই হবে।
১৯.	প্রকল্পটি বাস্তবায়নে কি কি ঝুঁকির সম্ভাবনা আছে? কিভাবে তা নিরসন করা হবে?	শিক্ষকের গভীর পর্যবেক্ষন ও বস্তুনিষ্ঠ মূল্যায়নের অভাবে প্রকল্পটির উদ্দেশ্য পুরোপুরি ব্যহত হতে পারে। সে জন্য এক শ্রেণীতে একজন দায়িত্ব প্রাপ্ত শিক্ষক না দিয়ে সকল বিষয় শিক্ষককে স্টার বা পয়েন্ট প্রদানের দায়িত্ব প্রদান করলে নিরপেক্ষতা বজায় থাকবে বলে আশা রাখা যায়। এছাড়া যথাযথ পর্যবেক্ষণ ও মনিটরিং এর অভাবে প্রকল্পটি ব্যহত হতে পারে। নির্দিষ্ট সময়ে বরাদ্দ না পাওয়াও প্রকল্প বাস্তবায়নের অন্তরায়।
	জনবল পরিকল্পনা	
২০.	প্রকল্পটি বাস্তবায়নে জনবল পরিকল্পনা (কত জন, কি কাজে, কত দিন নিযুক্ত থাকবেন?)	জনবল: ১. ০৫ সদস্যের কার্য নির্বাহী কমিটি গঠন। ২. ১০ সদস্যের উপ-কমিটি গঠন করা। এরা উপকরণ ক্রয় এবং সুষ্ঠুভাবে স্কুলগুলোতে বিতরণের জন্য কাজ করবে। ৩. ০৫ সদস্যের কমিটি কর্তৃক গৃহিত সিদ্ধান্ত উপ-কমিটি বাস্তবায়ন করবে। ৪. প্রকল্প মেয়াদ পর্যন্ত কার্যক্রম পরিচালিত হবে। প্রকল্পে নির্ধারিত কার্যক্রমে উপ-কমিটি নিয়োজিত থাকবে। কার্যক্রম সুষ্ঠভাবে বাস্তবায়নের লক্ষে কার্য নির্বাহী কমিটি পর্যবেক্ষণ ও মূল্যায়ন পূর্বক প্রয়োজনীয় পরামর্শ প্রদান করবে।
	প্রয়োজনীয় বাজেট (সর্বোচ্চ ১২০০০০/- টাকা)	
২১.	জনবল বাজেট (প্রযোজ্য ক্ষেত্রে)	যেহেতু পুরো প্রকল্পটি পরিচালিত হবে শ্রেণী শিক্ষকবৃন্দের সেচ্ছাশ্রমের মাধ্যমে তাই প্রজেক্টটি বাস্তবায়নের জন্য আলাদা করে জনবলের প্রয়োজন হবে না। প্রতিষ্ঠানে নিয়োজিত নিয়মিত জনবলের সদিচ্ছাই প্রজেক্টটিকে যথাযথভাবে সফল করতে পারে।
২২.	বাস্তবায়ন বাজেট (প্রযোজ্য ক্ষেত্রে)	প্রজেক্টটির বাজেটের প্রায় পুরোটুকুই ব্যয়করা হবে বাস্তবায়ন অংশে। কারণ, প্রাথমিক পর্যায়ে শিক্ষার্থীদের কাউন্সিলিং এর জন্য বড় পরিমাণের বাজেট প্রয়োজন হবে না। বাস্তবায়ন পর্যায়ে সপ্তাহ বা মাসান্তে আয়োজিত স্টলে উপকরণগুলো ক্রয়ের জন্য বড় পরিমাণের বাজেট প্রয়োজন হবে।
	প্রস্তাবনার সাথে প্রয়োজনীয় সংযুক্তি (ঐচ্ছিক) (প্রদান করলে টিক দিন)	
২৩.	খাত ভিত্তিক ব্যয় বিভাজন (প্রদান করলে টিক দিন)	✓ ১. প্রাথমিক পর্যায়ে প্রতি স্কুলে ৫০০/- টাকা করে পোস্টার পেপারের জন্য মোট ১০০০০/- টাকা বাজেট প্রয়োজন হবে। ২. স্টলের জন্য স্টেশনারি আইটেম ক্রয়ের নিমিত্ত প্রতি স্কুলের জন্য ৫০০০/- টাকা করে ২০ টি স্কুলের জন্য মোট ১০০০০০/- (এক লক্ষ টাকা)। ৩. আনুসাঙ্গিক ব্যয় ১০০০০/- টাকা
২৪.	জনবল পরিকল্পনা (বিস্তারিত)	০৫ সদস্যের কার্য নির্বাহী কমিটি গঠন। ১০ সদস্যের উপ কমিটি গঠন করা এবং অন্যান্য সকল প্রশিক্ষণার্থীদের সংশ্লিষ্টকরণ।
২৫.	সময়, আবদ্ধ কর্মপরিকল্পনা (বিস্তারিত)	প্রশিক্ষণকালীন সময় ১ বছর।
২৬.	প্রত্যাশিত ফলাফল ও প্রভাব (বিস্তারিত)	শিক্ষার্থদের মধ্যে ইতিবাচক প্রতিযোগিতা সৃষ্টির মাধ্যমে ভবিষ্যত সুনাগরিক হওয়ার ভিত্তি স্থাপন করা। এর প্রভাব সমাজ ও জাতীয় পর্যায়ে বিস্তৃত হবে। এছাড়াও শ্রেণী ব্যবস্থাপনায় শিক্ষক সময় কমিয়ে এনে পাঠে অধিক সময় ব্যয় করতে পারলে সামগ্রিক ভাবে শিক্ষার গুনগত মান বৃদ্ধি পাবে।
২৭.	অন্যান্য (বিষয় লিখুন)	

তারিখ: ২২/০১/২০১৮ খ্রিঃ

<u>প্রস্তাবকারীর নাম ও স্বাক্ষর</u>

স্বাক্ষরিত/
১। শরীফ উদ্দীন
ইন্সট্রাক্টর (সাধারণ)
পিটিআই, শরীয়তপুর।

<u>গ্রহণকারীর স্বাক্ষর ও সীল</u>

স্বাক্ষরিত/
প্রভাষ চন্দ্র অধিকারী
সুপারিনটেনডেন্ট
শরীয়তপুর পিটিআই
শরীয়তপুর।